EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-55662000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://dhaka.usembassy.gov

PRESS RELEASE

U.S. OFFICIALS VISIT BANGLADESH TO DISCUSS SECURITY COOPERATION

DHAKA, MARCH 27 – The U.S. Department of State's Under Secretary for Civilian Security, Democracy, and Human Rights Sarah Sewall will lead a delegation of senior U.S. officials to Dhaka on March 30 and 31. The delegation will meet with Government of Bangladesh officials, civil society, and students to discuss issues ranging from security to human rights.

Prior to serving as the Under Secretary, Dr. Sewall taught at the Harvard Kennedy School of Government, where she served as Director of the Carr Center for Human Rights Policy and directed the Program on National Security and Human Rights. Dr. Sewall has extensive experience partnering with the U.S. armed forces around civilian security and served as the inaugural Deputy Assistant Secretary of Defense for Peacekeeping and Humanitarian Assistance in the Clinton Administration. Prior to joining the executive branch, Dr. Sewall served for six years as the Senior Foreign Policy Advisor to U.S. Senate Majority Leader George J. Mitchell.

"Bangladesh is an important partner and the people of both our countries benefit when we work together on pressing global concerns such as security and countering violent extremism," said U.S. Ambassador Marcia Bernicat.

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-55662000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://dhaka.usembassy.gov

সংবাদ বিজ্ঞপ্তি

নিরাপত্তা সহযোগিতা বিষয়ক আলোচনার জন্য যুক্তরাষ্ট্র কর্মকর্তার ঢাকা ভ্রমণ

ঢাকা, ২৮শে মার্চ – যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের বেসামরিক নিরাপত্তা, গণতন্ত্র ও মানবাধিকার বিষয়ক আন্ডার সেক্রেটারি সারাহ সুয়লের নেতৃত্বে জ্যেষ্ঠ্য কর্মকর্তাদের একটি প্রতিনিধি দল আগামী ৩০ ও ৩১শে মার্চ ঢাকা ভ্রমণ করবেন। দলটি বাংলাদেশের সরকারি কর্মকর্তা, সুশীল সমাজ, এবং শিক্ষার্থীদের সাথে নিরাপত্তা থেকে শুরু করে মানবাধিকার বিষয়ে আলোচনা করবেন।

আন্ডার সেক্রেটারি হিসেবে দায়িত্ব গ্রহণের পূর্বে ডক্টর সুয়ল হার্ভার্ড কেনেডি স্কুল অব গভর্নমেন্ট-এ শিক্ষকতা করেছেন, যেখানে তিনি "কার সেন্টার ফর হিউমান রাইটস পলিসি" র পরিচালকের দায়িত্ব পালন করেছেন এবং জাতীয় নিরাপত্তা ও মানবাধিকার বিষয়ক কর্মসূচী পরিচালনা করেছেন। ডক্টর সুয়ল যুক্তরাষ্ট্র সশস্ত্র বাহিনীর সাথে বেসামরিক নিরাপত্তা বিষয়ে বিশদ কাজ করেছেন। ক্লিন্টন প্রশাসনের অধীনে তিনি শান্তিরক্ষা এবং মানবিক সহায়তা বিষয়ক প্রথম "ডেপুটি অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি অব ডিফেন্স" হিসেবে দায়িত্ব পালন করেছেন। নির্বাহী বিভাগে যোগদানের পূর্বে ডক্টর সুয়ল ছয় বছর ধরে যুক্তরাষ্ট্র "সিনেট মেজরিটি লিডার" জর্জ জে. মিচেলের জ্যেষ্ঠ্য পররাষ্ট্রনীতি বিষয়ক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন।

যুক্তরাষ্ট্র রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট বলেন, "বাংলাদেশ যুক্তরাষ্ট্রের গুরুত্বপূর্ণ অংশীদার। নিরাপত্তা ও সহিংস চরমপন্থা দমনসহ অন্যান্য বৈশ্বিক সমস্যা নিয়ে যখন আমরা একসাথে কাজ করি তখন উভয় দেশের মানুষই তার সুফল পায়"।